

বাঘের গল্প

দর্শকের হাততালি আর বাহবায় ভরে উঠল রিং মাস্টারের বুক  
 উন্মত্ত খাঁচার হিঙ্গ্র বাঘের গালে চুমু,  
 চোখ বলসানো আলো আর তাঁবুর নিচে সার্কাসের খেলা।  
 হিঙ্গ্র জংলীটাকে কাবু করানো ভীষণ কঠিন  
 ত্রমে নেশাগ্রস্ত করে তোলা হল আফিম খাইয়ে।  
 মাথা ঝিমঝিম — নিস্তেজ — খেলা প্রতিদিন খেলা  
 পা টলমল, চোখ ঝাপসা — তীব্র বিষত্রিয়ার জ্বালা —  
 অসহ্য অনাহার, নিচু গলার স্বরে মৃত্যুর সুর,  
 সেদিন লাস্ট শো-এর শেষ আইটেম —  
 বাঘ আর মানুষের সহাবস্থান  
 খাঁচা থেকে বেরোল বাঘ — নিঃপ্রাণ দেহ নিয়ে  
 এখনই খাঁচা বন্দী অন্য বাঘেরা একে একে বেরিয়ে এল  
 হাতে ধরা প্লাকার্ড, মুখে গর্জন — তোমরা আমাদের আর  
 হত্যা করতে পারবে না — বন্য প্রাণী সংরক্ষণ আইন-এ  
 আমরা সুরক্ষিত, আমরা ফিরে যাব অরণ্যে।

স্বপন কুমার ব্যানার্জী

